50

দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JAN 1996
পৃষ্ঠা ৭ কলাম ৬

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# শিক্ষক সমিতি নির্বাচনে সম্মিলিত হলুদ প্যানেল নিরংকুশ জয়ী

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল (সোমবার) অনুষ্ঠিত রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী কমিটির নির্বাচনে বাঙ্গালী ও বাংলাদেশী

(১০ম পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

(শেষ পৃঃ পর)

জাতীয়তাবাদে বিশ্বাসী আওয়ামী লীগ, বিএনপি ও বামপন্থী শিক্ষকদের হলুদ (সম্মিলিত) প্যানেল নিরংকুশ বিজয় অর্জন করিয়াছে। বর্তমান ভিসি'র কার্যক্রমের সমালোচক এই প্যানেলের প্রার্থীরা ১৫টি পদের সব কয়টিতেই জয়ী হইয়াছে। অপরদিকে বর্তমান ভিসির সমর্থক বিএনপির একাংশ সমর্থিত 'সবুজ' প্যানেল কোন পদেই জয়ী হইতে পারে নাই। প্রফেসর আবদুল কাদির ভূঁইয়ার নেতৃত্বাধীন মডারেট গ্রুপের সাদা প্যানেলও কোন পদে জয়ী হয় নাই। বিজয়ী প্যানেলের প্রফেসর মোহাম্মদ ইউনুস ২৬২ ভোট পাইয়া সভাপতি নির্বাচিত হইয়াছেন। এম, রফিকুল ইসলাম সর্বোচ্চ ২৬৪ ভোট পাইয়া সাধারণ সম্পাদক নির্বাচিত হইয়াছেন। প্রফেসর ইউনুস বিশ্ববিদ্যালয় শাখা বঙ্গবন্ধু পরিষদের সহ-সভাপতি। অপরদিকে এম, রফিকুল ইসলাম বিশ্ববিদ্যালয় শাখা জিয়া পরিষদের সাধারণ সম্পাদক।